বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।
www.lged.gov.bd

মুজিব শতবর্ষ MUJIB 100

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

স্মারক নং-৪৬.০২.০০০০.৬০২.১৪.০৩৭(অংশ-০২).২০২০- ৪০ তারিখঃ ১১/০১/২০২২ খ্রিষ্টাব্দ।

বিষয়ঃ **০৬/০১/২০২২খ্রিঃ তারিখে অনুষ্ঠিত স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায় ২০২১-২২ অর্থ বছরে বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের কার্যক্রম ও এলজিইডি'র স্বার্থ সংশ্লিষ্ট অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়ের উপর পর্যালোচনা সভার কার্যবিবরণী।** (2nd Meeting).

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায় ২০২১-২২ অর্থবছরে বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের কার্যক্রম ও এলজিইডি সম্পর্কিত অন্যান্য বিষয়ের উপর পর্যালোচনা (ভার্চুয়াল) সভা ০৬/০১/২০২২খ্রিঃ তারিখ সকাল ১০.৩০ ঘটিকায় প্রধান প্রকৌশলী মহোদয়ের সভাপতিত্বে Zoom Apps এর মাধ্যমে অনুষ্ঠিত হয়। সভায় সদর দপ্তরের সকল অতিরিক্ত প্রধান প্রকৌশলী ও তত্ত্বাবধায়ক প্রকৌশলীগণ, প্রকল্প পরিচালকগণ এবং মনিটরিং ও মূল্যায়ন ইউনিটের কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন। সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং দিকনির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন। অতঃপর বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

- এলজিইডি'র কোনো রাস্তা সড়ক ও জনপথ অধিদপ্তর নেয়ার উদ্যোগ শুরু করার সাথে সাথে ইতোপূর্বে সড়ক ও জনপথ অধিদপ্তরে স্থানান্তরিত সড়কসমূহ সড়ক ও জনপথ অধিদপ্তর কর্তৃক যথাযথ মেরামত করা হচ্ছে না, ফলে জনদুর্ভোগ বাড়ছে, বিষয়টি প্রমাণকসহ স্থানীয় সরকার বিভাগকে অবহিত করে পরবর্তী করণীয় নির্ধারণ করতে হবে। এ বিষয়ে অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সড়ক ও সেতু রক্ষণাবেক্ষণ) সতর্ক দৃষ্টি রাখবেন এবং প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন;

- সম্ভাবনাময় গ্রাম্য বাজারসমূহকে গ্রোথ সেন্টার হিসাবে উন্নীত করার প্রস্তাব তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) আগামী ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণের কার্যকর পদক্ষেপ গ্রহণ করবেন;

- এলজিইডি'র স্বার্থ সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ অমিমাংসীত বিষয়সমূহ (যেমন ঃ মামলা, জনবল সংকট, অর্গানোগ্রাম) লিখিতভাবে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;

- প্রকল্প পরিচালক ও জেলার নির্বাহী প্রকৌশলী হিসেবে পদায়নের জন্য এলজিইডি'র দক্ষ ও যোগ্য কর্মকর্তাগণের একটি প্যানেল প্রস্তুতির জন্য এলজিইডি'র ২য় গ্রেডের দুই জন অতিরিক্ত প্রধান প্রকৌশলী, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (মানব সম্পদ উন্নয়ন), তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রশাসন) এবং নির্বাহী প্রকৌশলী (প্রশাসন) এর সমন্বয়ে এলজিইডি সদর দপ্তরে গঠিত কমিটি একটি মানদন্ড প্রস্তুতের ব্যবস্থা গ্রহণ করবেন। সভায় উপস্থিত জ্যেষ্ঠ কর্মকর্তার সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হবে;

- আইডব্লিউআরএম এর রাজস্ব বাজেটে প্রাপ্ত অর্থ ব্যয়ের জন্য আগামী ১৫ (পনের) দিনের মধ্যে সমস্ত কাজের চুক্তি সম্পাদনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের বিষয়টি অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পানি সম্পদ) নিশ্চিত করবেন;

- ই-নথির মাধ্যমে যে সকল ফাইল প্রধান প্রকৌশলীর নিকট উপস্থাপিত হয় সেগুলো যেন পঠনযোগ্য হয় সে বিষয়ে সকলকে সতর্কতা অবলম্বন করতে হবে;

- শুধুমাত্র করোনা মহামারীর দোহাই দিয়ে জরিমানা ব্যতিরেকে সময় বর্ধনের নথি অগ্রায়ন করা যাবে না। এক্ষেত্রে ব্যক্তিগত বিচার-বিশ্লেষণ প্রয়োগ করে সুস্পষ্ট মতামতসহ নথি অগ্রায়ন করতে হবে;

- চুক্তিমূল্যের ১৪.৯৯ শতাংশ বাড়িয়ে প্রকল্পের সংশোধিত প্রাক্কলন অনুমোদনের জন্য প্রেরণ করা হলে তা মাঠ পর্যায়ে সরেজমিনে পরিদর্শনের জন্য সদর দপ্তর থেকে টিম প্রেরণ করা হবে। কোনরূপ অসঙ্গতি পরিলক্ষিত হলে দায়ী কর্মকর্তাগণের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

- সদর দপ্তরে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারী এবং প্রকল্পে নিয়োজিত পরামর্শকগণকে নির্ধারিত সময়ের মধ্যে অবশ্যই অফিসে উপস্থিত হতে হবে। এক্ষেত্রে শাখা প্রধান/প্রকল্প পরিচালক তাদের অধিনস্থদের নিয়মিত হাজিরার বিষয়টি সংশ্লিষ্ট সেক্টরের অতিরিক্ত প্রধান প্রকৌশলীর নিকট প্রেরণ করবেন। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পল্লী অবকাঠামো উন্নয়ন ও ব্যবস্থাপনা), অতিরিক্ত প্রধান প্রকৌশলী (নগর ব্যবস্থাপনা) এবং অতিরিক্ত প্রধান প্রকৌশলী (মানব সম্পদ) তাদের অধিনস্থ সেক্টরের কর্মকর্তা/কর্মচারী অনুপস্থিত থাকলে তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের প্রস্তাব প্রধান প্রকৌশলীর নিকট প্রেরণ করবে;

- যে সকল কর্মকর্তা/কর্মচারী মাঠ পর্যায়ে অফিসের কাজের পরিবেশ নষ্টের জন্য দায়ী তাদের একটি তালিকা প্রস্তুত করতে হবে এবং যথারীতি তাদের বিরুদ্ধে বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রশাসন)-কে বিষয়টি নিবিড়ভাবে মনিটরিং করার জন্য দায়িত্ব প্রদান করা হলো;

- বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে প্রাপ্ত অর্থ প্রকল্প পরিচালকগণকে বিভাগের অতিরিক্ত প্রধান প্রকৌশলী এবং আঞ্চলিক তত্ত্বাবধায়ক প্রকৌশলীগণের সাথে পরামর্শক্রমে ২৪ ঘন্টার মধ্যে মাঠ পর্যায়ে ছাড় করতে হবে এবং জেলার নির্বাহী প্রকৌশলীগণকে ৪৮ ঘন্টার মধ্যে ঠিকাদারদের বকেয়া বিলের মাধ্যমে পরিশোধ করতে হবে;

- এখন থেকে নিয়মিত এ ধরণের সভার আয়োজন করা হবে, যাতে করে প্রধান প্রকৌশলীর নির্দেশনাসমূহ সকলে জানতে পারেন এবং তদানুযায়ী সংশ্লিষ্ট কর্মকর্তাগণ ব্যবস্থা গ্রহণ করতে পারে।

পরিশেষে সভাপতি উপস্থিত সকলের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করেন এবং সকলকে করোনাকালীন সময়ে যথাযথভাবে স্বাস্থ্যবিধি মেনে উন্নয়ন কাজ চালিয়ে নেয়ার আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১১.০১.২০২২

(সেখ মোহাম্মদ মহসিন)
প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব)
ফোন ঃ ০২-৫৮১৫২৮০২
ই-মেইলঃ ce@lged.gov.bd

অনুলিপি জ্ঞাতার্থে এবং কার্যার্থেঃ

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), এলজিইডি সদর দপ্তর, ঢাকা।
২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, বিভাগ ঃ সকল, এলজিইডি।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল) এলজিইডি সদর দপ্তর, ঢাকা।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, অঞ্চল ঃ সকল, এলজিইডি।
৫। প্রকল্প পরিচালক (সকল), এলজিইডি সদর দপ্তর।
৬। নির্বাহী প্রকৌশলী, জেলা ঃ সকল, এলজিইডি।
৭। অফিস নথি।